

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৯০

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كُنْتُ جَالِسًا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَسْجِدِ وَرَجُلُ يُصلِّي فَقَالَ: اللَّهُمَّ إِنِي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْحَنَّانُ الْمَنَّانُ بَدِيعُ السَّمَاوَاتِ فَقَالَ: اللَّهُمَّ إِنِي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْحَنَّانُ الْمَنَّانُ بَدِيعُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ يَا حَيُّ يَا قَيُّومُ أَسْأَلُكَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «دَعَا اللَّهَ بِاسْمِهِ الْأَعْظَمِ الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ

#### বাংলা

২২৯০-[8] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে মসজিদে নাবাবীতে বসে ছিলাম। তখন জনৈক ব্যক্তি সালাত আদায় করছিল এবং সালাতের পর বলছিল, হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি। কারণ তোমারই জন্য সব প্রশংসা। তুমি ছাড়া প্রকৃতপক্ষে কোন মা'বূদ নেই। তুমিই সবচেয়ে বড় দয়ালু, বড় দাতা। তুমিই আসমান জমিনের স্রষ্টা। হে মর্যাদা ও দান করার মালিক! হে চিরঞ্জীব, হে প্রতিষ্ঠাতা! আমি তোমার কাছে প্রার্থনা করি। তখন নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে আল্লাহকে ইন্মে আ'যম-এর সাথে ডাকে তিনি তাতে সাড়া দেন এবং যখন তাঁর কাছে প্রার্থনা করা হয় তখন তিনি তা দান করেন। (তিরমিযী, আবু দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৪৯৫, তিরমিয়ী ৩৪৭৫, নাসায়ী ১৩০০, আহমাদ ১২২০৫, ইবনু আবী শায়বাহ্ ২৯৩৬১, ইবনু মাজাহ ৩৮৫৮, ইবনু হিব্বান ৮৯৩, সহীহ আত্ তারগীব ১৬৪১।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: হাদীসে উল্লেখিত দু'আটি নাবীজী সাল্লাল্লাহু আলিহি ওয়াসাল্লাম ইসমে আ'যম নামে আখ্যা দিয়েছেন। অন্য হাদীসে (يَا حَيُّ يَا قَيُّوْمُ) ও (لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ) -কেও ইসমে আ'যম বলা হয়েছে বলে বর্ণিত আছে। মোট কথা হলো আমরা যদি আল্লাহর সুন্দর সুন্দর নামের মাধ্যমে ডাকি তাহলে তিনি আমাদের ডাকে সাড়া দিবেন। যেমনঃ তিনি বলেছেন,الْحُسْنَى فَادْعُوْهُ بِهَا وَلِلْهِ الْأَسْمَاءُ الْحُسْنَى فَادْعُوْهُ بِهَا عَرْمُ وَالْحَسْنَى فَادْعُوْهُ وَالْمَاءُ الْحُسْنَى فَادْعُوْهُ بِهَا अर्था९- ''আল্লাহর সুন্দর সুন্দর নাম রয়েছে তোমরা সেগুলোর মাধ্যমে তাকে ডাক।'' (সূরা আল আ'রাফ ৭ : ১৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন